

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪২ ১৬

সাবুম, ১৪ ডিসেম্বর, ২০২৩

প্রতি ঘরে সুশাসন ২.০
বাগমারা এডিসি ভিলেজে সুশাসন শিবির

বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে সম্প্রতি বাগমারা এডিসি ভিলেজে সুশাসন শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে উপস্থিত ছিলেন রূপাইছড়ি বিএসির চেয়ারম্যান রাখী ত্রিপুরা, অতিরিক্ত বিডিও টিউট দেববর্মা এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। শিবিরে ১৮টি ইনকাম সার্টিফিকেট, ৪৮টি পিআরটিসি, ৮০টি এসটি, ৯টি ম্যারেজ সার্টিফিকেট প্রদানের জন্য আবেদনপত্র গ্রহণ করা হয়। এছাড়াও শিবিরে মৎস্য দপ্তরের পক্ষ থেকে ৮ জন সুবিধাভোগীর পুরুরের জল পরীক্ষা করা হয়। প্রাণীসম্পদ বিকাশ দপ্তর থেকে ৩৯ জন সুবিধাভোগীকে তাদের গৃহপালিত প্রাণীর জন্য বিনামূল্যে ঔষধ দেওয়া হয়।
